



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর, বাংলাদেশ

ওয়েবসাইট: www.nu.edu.bd

পরিচালকের কার্যালয়

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স: ০২ ৯২৯১০৫০

mail: pr@nu.edu.bd

তারিখ: ১৫-০৩-২০১৭

## সংবাদ বিজ্ঞপ্তি

“খাতা না দেখেই চূড়ান্ত ফল দেয় জাতীয় বিশ্ববিদ্যালয়”-টাবি উপাচার্যের বক্তব্যের তীব্র প্রতিবাদ

গতকাল (১৪/০৩/২০১৭) ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. আরেফিন সিদ্দিক সরকারি তিতুমীর কলেজের এক অনুষ্ঠানে জাতীয় বিশ্ববিদ্যালয় সম্বন্ধে উল্লিখিত শিরোনামে যে বক্তব্য রেখেছেন এবং যা আজ (১৫/০৩/২০১৭) বিভিন্ন দৈনিকে প্রকাশিত হয়েছে, তা সম্পূর্ণ অসত্য, মনগড়া, উদ্দেশ্য প্রণোদিত ও বিদ্বেষপ্রসূত। এ বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বক্তব্য নিম্নরূপ :

“দেশের বৃহত্তম বিশ্ববিদ্যালয় জাতীয় বিশ্ববিদ্যালয় বর্তমানে প্রায় সম্পূর্ণ অনলাইনের মাধ্যমে পরিচালিত হচ্ছে এবং পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশসহ এর যাবতীয় কর্মকাণ্ড অত্যন্ত স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে সম্পন্ন হচ্ছে। পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ণ না করে ফল প্রকাশের প্রশ্নই উঠেনা। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য “খাতা না দেখেই চূড়ান্ত ফল দেয় জাতীয় বিশ্ববিদ্যালয়” মর্মে উল্লিখিত অনুষ্ঠানে যে মন্তব্য করেছেন, সে সম্বন্ধে তিনি কোন শিক্ষাবর্ষের, কোন পরীক্ষার, কোন বিষয়ে ফল প্রকাশ হয়েছে, এর সুনির্দিষ্ট কোনো তথ্য-প্রমাণ উপস্থাপন করেননি। অপর একটি বিশ্ববিদ্যালয়ের ব্যাপারে ঢালাওভাবে মনগড়া এরূপ বক্তব্য প্রদান একজন উপাচার্যের দায়িত্বশীল পদে আসীন ব্যক্তির পক্ষে কতদূর সমীচীন, তা কারো পক্ষে না বুঝার কথা নয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য যে একজন চরম জাতীয় বিশ্ববিদ্যালয় বিদ্বেষী, তাঁর এ বক্তব্য থেকে সেটি স্পষ্ট। ড. আরেফিন সিদ্দিককে তাঁর বক্তব্যের সমর্থনে সুনির্দিষ্ট তথ্য-প্রমাণ উপস্থাপনের জন্য চ্যালেঞ্জ ছুঁড়ে দেয়া হলো। অন্যথায়, তাঁর এ ধরনের অসত্য, মনগড়া, উদ্দেশ্য প্রণোদিত ও বিদ্বেষপূর্ণ বক্তব্যের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে বাধ্য হবে।”

পরিচালক

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

জাতীয় বিশ্ববিদ্যালয়